



## ইন্টারন্যাশনাল কনভেনশন অন স্টুডেন্টস কোয়ালিটি স্বেচ্ছাসেবীদের মধ্যে সনদ বিতরণ

● নিউজ ডেস্ক

২১তম ইন্টারন্যাশনাল কনভেনশন অন স্টুডেন্টস কোয়ালিটি কন্ট্রোল সার্কেল-২০১৮ (আইসিএসকিউসিসি) দায়িত্ব পালনকারী স্বেচ্ছাসেবীদের মধ্যে সনদ বিতরণ করেছে বাংলাদেশ সোসাইটি ফর টোটাল কোয়ালিটি ম্যানেজমেন্ট (বিএসটিকিউএম)। শনিবার ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ৭১ মিলনায়তনে এ সনদ বিতরণ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. এস এম মাহবুবুল উল হক মজুমদার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে স্বেচ্ছাসেবী শিক্ষার্থীদের মধ্যে সনদ বিতরণ করেন। বাংলাদেশ সোসাইটি ফর টোটাল কোয়ালিটি ম্যানেজমেন্টের (বিএসটিকিউএম) চেয়ারম্যান এ এম এম খায়রুল বাশারের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্সের পরিচালক অধ্যাপক ড. মো. ফখরে হোসেন, বিএসটিকিউএমের মহাসচিব সৈয়দ আলিমুজ্জামান, ভাইস প্রেসিডেন্ট এ কে এম শামসুল হুদা, ভাইস প্রেসিডেন্ট ফাতেমা মুজিব, যুগ্ম সচিব শেখ নাজিমুদ্দিন আহমেদ এবং ২১তম আইসিএসকিউসিসি-২০১৮ আয়োজক কমিটির সচিব জাকিয়া সুলতানা।

উল্লেখ্য, 'বৈশ্বিক শান্তি ও টেকসই উন্নয়নের জন্য গুণগত শিক্ষা' প্রতিপাদ্যকে সামনে রেখে গত ৩-৬ মে, ২০১৮ ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে ২১তম

ইন্টারন্যাশনাল কনভেনশন অন স্টুডেন্টস কোয়ালিটি কন্ট্রোল সার্কেল-২০১৮ (আইসিএসকিউসিসি) অনুষ্ঠিত হয়। এতে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ভারত, শ্রীলংকা, নেপাল, পাকিস্তান ও মরিশাসের ৫০০ শিক্ষার্থীসহ এক হাজার শিক্ষার্থী অংশগ্রহণ করে।

এই চারদিনের আন্তর্জাতিক কনভেনশনে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির এয়ার রোডার স্কাউট গ্রুপ ও বিএনসিসি ইউনিটের সদস্যরা স্বেচ্ছাসেবী হিসেবে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন এবং অনুষ্ঠানকে সফল করে তোলেন। তাদের এই সহযোগিতাকে স্বীকৃতি জানাতে আইসিএসকিউসিসির পক্ষ থেকে বিএসটিকিউএম স্বেচ্ছাসেবীদের মধ্যে সনদ বিতরণ করে।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. এস এম মাহবুবুল হক মজুমদার বলেন, সমাজের বাতিঘর হচ্ছে শিক্ষা। সুতরাং বাতিঘর যদি যথেষ্ট মানসম্পন্ন না হয় তাহলে সমাজ আলোকিত হবে না এবং সমাজ যদি আলোকিত না হয় তবে রাষ্ট্র এবং বিশ্বও আলোকিত হবে না। সুতরাং আমাদের গুণগত শিক্ষার ওপর গুরুত্ব আরোপ করতে হবে। স্বেচ্ছাসেবীদের উদ্বুদ্ধ করতে অধ্যাপক ড. এস এম মাহবুবুল হক মজুমদার তাদের আত্মনির্ভরশীল হতে ও সেবার মাধ্যমে বিশ্বব্যাপী শক্তিশালী বন্ধুত্বের নেটওয়ার্ক তৈরি করার আহ্বান জানান। বিজ্ঞপ্তি